



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/২১

তারিখ : ১৫-০২-২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো জবাব দাখিল প্রসঙ্গে।

সূত্র : ক) যশোর সরকারি সিটি কলেজ এর সহযোগী অধ্যাপক জনাব মোঃ আব্দুল হালিম (কৃষিবিজ্ঞান) এর ২২-০১-২০২৪ খ্রি. তারিখের তদন্ত প্রতিবেদন।

খ) প্রধান শিক্ষকের ০৭-১১-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২৬৮৬)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ ইদ্রিস হোসেন আপনার বিরুদ্ধে গত ০৭-১১-২০২৩ খ্রি. তারিখে ম্যানেজিং কমিটির সভা করতে চায় না, রেজুলেশন বহিতে স্বাক্ষর করতে চায় না, নোটিশ বহিতে স্বাক্ষর করতে চায় না, প্রধান শিক্ষককে চাপ সৃষ্টি করে নিজ স্ত্রীর নাম শ্রেণি শাখায় থাকলেও মূল শাখায় নাম অন্তর্ভুক্ত করা ও শিক্ষক প্যাটার্ন রেজুলেশন স্ট্যাম্পে জাল ও ভূয়া স্বাক্ষর করে সংশ্লিষ্ট দপ্তরে পাঠানো, তিন জন শিক্ষকের এমপিও ভুক্তির আবেদন ফাইল ডেপুটি ডিরেক্টর, খুলনা কর্তৃক সেন্ট ব্যাক করানো, অব্যবস্থাপনা ও আর্থিক অনিয়ম এর বিরুদ্ধে অভিযোগ দাখিল করলে গত ২০-১২-২০২৩ খ্রি. তারিখে বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৫০৫১ নং স্মারকপত্রে জনাব মোঃ আব্দুল হালিম, সহযোগী অধ্যাপক, যশোর সরকারি সিটি কলেজ-কে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, চলমান ম্যানেজিং কমিটির সভাপতি বর্ণিত বিদ্যালয়ের কোনো শাখা অনুমোদন না থাকায় জাল জালিয়াতির মাধ্যমে ২০২২ সালে নিয়োগ দিয়ে ২০০৪/২০০৫ সালে দেখানো এবং ডিইও তেরিফাইতে সনদসমূহ জাল প্রমাণিত চার জন সহকারী শিক্ষক যথাক্রমে জনাব মোছাঃ লাভলী আক্তার, ২। জনাব মোছাঃ তানভির আক্তার, ৩। জনাব মোছাঃ নাজমা খাতুন এবং ৪। জনাব অমিতা সাবরিন এর নিয়োগ সংক্রান্ত অভিযোগ ও সনদসমূহ পুনঃ যাচাইপূর্বক তাদের নিয়োগ বাতিল করার জন্য সুপারিশ করেছেন।

চলমান ম্যানেজিং কমিটির সভাপতি-কে তার পদ হতে অপসারণ করার আশু প্রয়োজন বলে তদন্ত কর্মকর্তা মনে করেন এবং প্রয়োজনে চলমান কমিটি ভেঙ্গে দিয়ে একটি দক্ষ ও কার্যকরী নতুন কমিটি গঠনের জন্য সুপারিশ করেছেন।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সুপারিশের আলোকে মেহেরপুর জেলার গাংনী উপজেলাধীন হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে কেন আপনাকে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব পত্রজারীর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নম্বর-০২৪৭৭৬২৭০৫

তারিখ : ১৫-০২-২০২৪ খ্রি.

সভাপতি, ম্যানেজিং কমিটি

হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় (১১৮২০৫)

হাড়াভাঙ্গা, গাংনী, মেহেরপুর

স্মারক সংখ্যা-বিঅ-৬/২১(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, মেহেরপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর।
- ৫। প্রধান শিক্ষক, হাড়াভাঙ্গা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, হাড়াভাঙ্গা, গাংনী, মেহেরপুর
- ৬। সংরক্ষণ নথি।

২৫/০২/২৪

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

২৫/০২/২৪